আর অজুহাত নয় !

ক্যারোল : এই যে জোন, কেমন আছ?

জোন : ভাল আছি । আমি এখুনি ম্যামোগ্রামের জন্য গিয়েছিলাম। তমি তো জান যে একবার ৪০ হলেই বছরে একটা করে ওটা করাতে হয়। আচ্ছা, তোমারটা হয়ে গেছে?

ক্যারোল : না- আমি জানি আমার যাওয়া উচিৎ কিন্তু কাজের থেকে একদিন ছুটি নিতে পারছি না। আমার কাজটা আমার কাছে জরুরী।

জোন : ঐ কথা আগেও শুনেছি, কিন্তু তোমার স্বাস্থ্যর চেয়ে বড় তো আর কিছু নেই । নিজের জন্য না কর , তোমার সংসারের জন্য তো করবে !

ক্যারোল : শোন জোন, আমি একবার একটা ম্যামোগ্রাম করিয়েছিলাম কিন্তু তাতে ব্যথা পেয়েছিলাম। ওর মধ্যে দিয়ে আমি আর যেতে চাই না ।

জোন : আমার মতে জীবনের জন্য কয়েক দেওয়া খুবই সার্থক ।

ক্যারোল : জানি। কিন্তু সত্যি বলতে কি - আমি ক্যানসারের কথা ভাবতে চাই না -আর আমার স্বাস্থ্য বিমাও নাই।

জোন : দেখ ক্যারোল, আর ওজর দেখিও না।তুমি হয়ত বিনা মূল্যে অথবা কম পয়সায়ম্যামোগ্রাম পেতে পার ।

ক্যারোল : হ্যাঁ, তুমি ঠিক বলেছ । আমার এবার এটার ব্যবস্থা করতে হবে । আজকে টেলিফোন করব।

আপনি কি জানতেন?

- ম্যামোগ্রাম একটি বুকের একস-রে এবং এটি নিরাপদ।
- যদিও আপনার পরিবারে কারুর ক্যানসার হয় নাই , তা হ'লেও আপনার পরীক্ষা করান প্রয়োজন।
- যদি আপনার মা, বোন অথবা মেয়ের বুকের ক্যানসার হয়ে থাকে, আপনার ডাক্তারের সঙ্গে কথা বলে দেখুন যে আপনার কখন পরীক্ষা করান উচিৎ।
- আপনার এলাকায় হয়ত এমন প্রোগ্রাম আছে যেখানে যাদের স্বাস্থ্য বিমা নেই তাদের বিনা মূল্যে অথবা অল্প খরচে ম্যামোগ্রাম করে ।

আপনার কাছে ম্যামোগ্রাম কোথায় জানবার জন্য, এইখানে ফোন করুন :

1.800.227.2345

American Cancer Society®

Get help anytime.

1.800.227.2345 / www.cancer.org

© 2012 by the American Cancer Society, Inc. Available at www.cancer.org/easyreading. MAM.BEN.0406